

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
জনস্বাস্থ্য-২ অধিশাখা

নং: ৪৫.১৬১.১২৩.০০.০০.০০২.২০১০-২০৭

তারিখ: ০১/০৮/২০১৬ খ্রি.

বিষয়ঃ শিশু পুষ্টি ও মাতৃত্ব সুরক্ষার অধিকার ভঞ্জে গুড়াদুধ ও শিশুখাদ্য প্রস্তুতকারী বহুজাতিক কোম্পানীর মাতৃদুগ্ধ বিকল্প শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি বিপণন নিয়ন্ত্রন আইন ২০১৩ লংঘন ও বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০১৬ এর ভাবমূর্তির গুরুত্বহ্রাসের অপচেষ্টা রোধ সংক্রান্ত।

সূত্রঃ (১) ৭৪০০/বিবিএফ/এডমিন/১৬ তারিখঃ ১৩/০৭/২০১৬ প্রাপ্তঃ ২৫/০৭/২০১৬

(২) আইপিএইচএন/এনএনএস/বিএমএস এ্যাক্ট(কোড)-২০১৩/২০১৫/৩৩/২১৩৩, তাং ২০/১০/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব পত্রের আলোকে মাননীয় প্রধানমন্ত্রী শিশুকে মায়ের দুধ খাওয়ানো ও সঠিক সময়ে শিশুর বাড়তি খাবার এবং মায়ের পুষ্টির পক্ষে প্রচারণা, সুরক্ষা এবং সহায়তার জন্য বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০০৯, ২০১০, ২০১১, ও ২০১৪ এর উদ্বোধন করেন এবং জাতীয়ভাবে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন, আন্তর্জাতিক মানসম্পন্ন মাতৃদুগ্ধ বিকল্প শিশুখাদ্য, বাণিজ্যিক ভাবে প্রস্তুত শিশুর বাড়তি খাদ্য ও তা ব্যবহারের সরঞ্জামাদি বিপণন নিয়ন্ত্রন আইন প্রস্তুত ও কঠোরভাবে প্রয়োগের নির্দেশ দেন। ২২ শে সেপ্টেম্বর ২০১৩ আন্তর্জাতিক মান সম্পন্ন মাতৃদুগ্ধ বিকল্প শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রন) আইন ২০১৩ প্রণয়ন হয়। উক্ত আইনের ধারা ৪(১) ও (২)(খ) এ কোন ব্যক্তি মাতৃদুগ্ধ, বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে, কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করবেন না বা অনুরূপ কোন কাজে নিজে নিয়োজিত করবেন না এবং মাতৃদুগ্ধ বিকল্প শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করবার লক্ষ্যে কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করা যাবে না মর্মে উল্লেখ রয়েছে।

বর্তমানে “নেস্লে বাংলাদেশ লিমিটেড” এর অংগসংগঠন নেস্লে নিউট্রিশন ইনস্টিটিউট এর উদ্যোগে ও অর্থায়নে Nestle Start Healthy Stay Healthy™ বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতাল এ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ‘ব্রেস্ট ফিডিং রুম’ স্থাপন করছে। কৃত্রিম দুগ্ধ প্রস্তুতকারী, বিপণন এ বিক্রয়কারী প্রতিষ্ঠানের মাতৃদুগ্ধের পক্ষে কোন কাজ করলে তা Conflict of Interest (COI) বলে গণ্য হবে। Nestle এরূপ কর্মকান্ড উক্ত আইনের ৪(১)(২) (খ) ও WHA 49.15,58.32,55.60 লংঘন করে।

বর্গিতাবস্থায়, বিশ্বমাতৃ দুগ্ধ সপ্তাহ-২০১৬ এর ভাবমূর্তি সমুন্নত রাখা এবং বিএমএস এ্যাক্ট ২০১৩ এর ধারা ৪(১)(২)(খ) WHA 49.15,58.32,55.60 এর নির্দেশনার আলোকে মায়ের দুধ খাওয়ানোর প্রচার, প্রসার ও সুরক্ষার বিরোধীতাকারী সকল ব্যবসায়িক প্রতিষ্ঠানের সূচতুর প্রচারণা ও কর্মকান্ড বন্ধ করা এবং কোন দুধ কোম্পানী কর্তৃক ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন না করা, অনুরূপ স্থাপনা বিদ্যমান থাকলে তা অবিলম্বে বন্ধ করা ও ভবিষ্যতে যাতে এরূপ কর্মকান্ড পরিচালনা করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করার জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি-২৩(তেইশ)পাতা।

  
(মোঃ আব্দুল মালেক)  
যুগ্মসচিব  
ফোন : ৯৫১৫৫৩১

#### বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

#### অনুলিপিঃ

- ১। পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও লাইন ডাইরেক্টর এনএনএস, মহাখালী, ঢাকা।
- ২। জনাব এস কে রায়, চেয়ার পারসন, বোর্ড অব ট্রাস্টিজ, বাংলাদেশ ব্রেস্টাফিডিং ফাউন্ডেশন ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।